# দাগনভূঞা পৌরসভা কার্যালয়

জেলা-ফেনী।

স্মারক নং- দাঃপৌঃ/সাঃশাঃ/TLCC/২০২৫/ ১৭৬/৫০ তাং ১৫./০৬/২০২৫খ্রি.

প্রাপক ঃ

জনাব ----------------------------------------------------------

----------------------------------------------------------------

সদস্য, TLCC কমিটি
দাগনভূঞা পৌরসভা,ফেনী।

বিষয় ঃ TLCC কমিটির সভায় উপস্থিতি প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, আগামী ৩০/০৬/২০২৫খ্রি. সোমবার দুপুর ২:৩০টায় পৌরসভা সম্মেলন কক্ষে TLCC কমিটির এক সভা আহ্বান করা হয়েছে।
উক্ত সভায় যথাসময়ে আপনাকে উপস্থিত থাকার জন্যে বিশেষভাবে অনুরোধ করা হলো।

(স.ম. আজহারুল ইসলাম)
সভাপতি
শহর সমন্বয় কমিটি
ও
প্রশাসক
দাগনভূঞা পৌরসভা,ফেনী।

স্মারক নং- দাঃপৌঃ/সাঃশাঃ/TLCC/২০২৫/ ১৭৬/৫০/০৯ তাং ১৫./০৬/২০২৫খ্রি.

অনুলিপি:

০১. তত্ত্বাবধায়ক প্রকৌশলী(নগর ব্যবস্থাপনা),এলজিইডি,আরডিইসি ভবন লেভেল ৭,আগার গাঁও,ঢাকা-১২০৭।
০২. তত্ত্বাবধায়ক প্রকৌশলী,এলজিইডি,কুমিল্লা অঞ্চল,কুমিল্লা
০৩. প্রকল্প পরিচালক,এমএসপি,এলজিইডি,সদর দপ্তর,আগার গাঁও,ঢাকা-১২০৭।
০৪. উপ-পরিচালক,এলজিইডি,উপ-পরিচালকের কার্যালয়,আঞ্চলিক নগর ব্যবস্থাপনা ইউনিট,কুমিল্লা অঞ্চল,কুমিল্লা।
০৫. সহকারী প্রকৌশলী , দাগনভূঞা পৌরসভা,ফেনী।
০৬. প্রশাসনিক কর্মকর্তা, দাগনভূঞা পৌরসভা,ফেনী।
০৭. হিসাব রক্ষক, দাগনভূঞা পৌরসভা,ফেনীতে(নিম্নস্বাক্ষরকারীর সাথে আলোচনা করে সভার সম্মানী ভাতা ও আপ্যায়নের ব্যবস্থা নিতে বলা হলো)।
০৮. ..............................................................।
০৯. নথি।

প্রশাসক
দাগনভূঞা পৌরসভা,ফেনী।

15.06.25

E: TLCC /TLCC Meeting

# দাগনভূঞা পৌরসভা কার্যালয়

জেলা-ফেনী।

- পৌরসভার নাম: দাগনভূঞা পৌরসভা
টিএলসিসি'র ১৯ নং সভার কার্যপত্র
সভার তারিখ ঃ ৩০/০৬/২০২৫ খ্রি.
সময় ঃ দুপুর ২:৩০টায়
উপস্থিত ঃ সংযুক্তি পরিশিষ্ট(ক)

আলোচ্যসূচি-০১ ঃ কমিটির উদ্দেশ্য ও কার্য-পরিধির আলোকে পূর্ব- নির্ধারিত বিষয়বস্তুর ওপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন।

| পূর্ব- নির্ধারিত আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ | সিদ্ধান্ত বাস্তবায়নে দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/ কর্মকর্তা/গ্রুপ | কাজ বাস্তবায়নের নির্ধারিত সময় |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| বিষয়-০১ঃ পূর্ববর্তী সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন সংক্রান্ত আলোচনা। | | | | |
| বিষয়-০২ঃ ২০২৫-২০২৬ অর্থ বছরের বাজেট অনুমোদন সংক্রান্ত আলোচনা। | | | | |
| বিষয়-০৩ঃ WC সহ মাঠ পর্যায়ে বিভিন্ন কমিটির কার্যক্রম নিয়ে আলোচনা। | | | | |
| বিষয়-০৪ঃ উন্নয়ন সংক্রান্ত আলোচনা। | | | | |
| বিষয়-০৫ঃ GESIAP ও PRAP এর কার্যক্রম বাস্তবায়ন ও ২০২৫-২০২৬ অর্থ বছরের কর্মপরিকল্পনার বাস্তবায়ন সংক্রান্ত আলোচনা। | | | | |
| বিষয়-০৬ঃ আদায় কার্যক্রম সংক্রান্ত আলোচনা। | | | | |
| বিষয়-০৭ঃ উঠান বৈঠক ও LINIC এর কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত আলোচনা। | | | | |
| বিষয়-০৮ঃ রক্ষণাবেক্ষণ O&M ও MMT কার্যক্রম পরিচালনা ও ২০২৫-২০২৬ অর্থ বছরের কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত আলোচনা। | | | | |
| বিষয়-০৯ঃ কঠিন বর্জ্য,সড়ক বাতি, ড্রেন পরিস্কার, স্যানিটেশন কার্যক্রম বিষয়ে ২০২৫-২০২৬ অর্থ বছরের কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত আলোচনা। | | | | |
| বিষয়-১০ ঃ স্ট্রীট লাইট সংক্রান্ত আলোচনা। | | | | |
| বিষয়-১১ ঃ ডাম্পিং ব্যবস্থাপনা সংক্রান্ত আলোচনা। | | | | |
| বিষয়-১২ ঃ মশক নিধন সংক্রান্ত আলোচনা। | | | | |

আলোচ্যসূচি- ০২ঃ বিবিধ।

| সদস্যগন কর্তৃক উত্থাপিত অনির্ধারিত আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ | সিদ্ধান্ত বাস্তবায়নে দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা/গ্রুপ | কাজ বাস্তবায়নের নির্ধারিত সময় |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| বিষয়- ১ | | | | |
| বিষয়- ২ | | | | |
| বিষয়- ৩ | | | | |

সভাপতির স্বাক্ষরঃ

| নামঃ স.ম. আজহারুল ইসলাম | তারিখঃ ....../০৬/২০২৫খ্রি. |
|---|---|

# দাগনভূঞা পৌরসভা কার্যালয়

জেলা-ফেনী।

শহর সমন্বয় কমিটির(TLCC) সভায় অংশগ্রহণকারীদের উপস্থিতির তালিকাঃ

স্থান ঃ দাগনভূঞা পৌরসভা,ফেনী।

সভার তারিখ ঃ ৩০.০৬.২০২৫খ্রি.

সময় ঃ দুপুর ২:৩০টা

| ক্রঃনং | নাম | ঠিকানা/পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | জনাব স.ম. আজহারুল ইসলাম | প্রশাসক<br>দাগনভূঞা পৌরসভা,ফেনী<br>০১৭১৩-১৮৭৩১৮ | সভাপতি | [signature] ৩০.০৬.২৫ |
| ০২ | জনাব ডাঃ এ.এস.এম সোহরাব আল হোসাইন | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা<br>দাগনভূঞা,ফেনী-০১৯১১৬২৪২১০ | সদস্য | [signature] 30/06/25 |
| ০৩ | জনাব মোহাম্মদ ওয়াহিদ পারভেজ | অফিসার ইনচার্জ<br>দাগনভূঞা থানা,ফেনী-<br>০১৩২০১১৩০০২ | সদস্য | |
| ০৪ | জনাব মোঃ মাসুম বিল্লাহ | উপজেলা প্রকৌশলী,স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর,<br>দাগনভূঞা,ফেনী- ০১৫১৮৬৯২৫৯১ | সদস্য | [signature] |
| ০৫ | জনাব মোহাম্মদ আইনুল হোসাইন জিলানী | উপজেলা সমাজসেবা কর্মকর্তা<br>দাগনভূঞা,ফেনী- ০১৮৮০৮০৭২৫৬ | সদস্য | [signature] |
| ০৬ | জনাব মোঃ তাফাজ্জল হোসেন | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা<br>দাগনভূঞা,ফেনী- ০১৮০৪১৬৩১৬২ | সদস্য | [signature] |
| ০৭ | জনাব মোঃ সাইফুর রহমান | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা<br>দাগনভূঞা,ফেনী-০১৯৮৫৪৮৯২০২ | সদস্য | [signature] |
| ০৮ | জনাব জোনায়েদ কাইছার সৌরভ | সহকারী প্রকৌশলী,দাগনভূঞা পৌরসভা,ফেনী।<br>মোবাইল-০১৫১৬১৭৬৬৭৫ | সদস্য | [signature] |
| ০৯ | জনাব মোঃ মাসুদ আহমেদ | উপ-সহকারী প্রকৌশলী,দাগনভূঞা পৌরসভা,ফেনী। | সদস্য | [signature] |
| ১০ | জনাব এ.কে.আজাদ চৌধুরী | সমাজ উন্নয়ন কর্মকর্তা(ভাঃপ্রাঃ),<br>দাগনভূঞা পৌরসভা,ফেনী। | সদস্য | [signature] |
| ১১ | জনাব মুহাম্মদ আবু সুফিয়ান | হিসাব রক্ষক,দাগনভূঞা পৌরসভা,ফেনী। | সদস্য | [signature] |
| ১২ | জনাব মোঃ বেলায়েত হোসেন | কর আদায়কারী, দাগনভূঞা পৌরসভা,ফেনী। | সদস্য | [signature] |
| ১৩ | জনাব মোঃ জাফর উল্যাহ | কর নির্ধারক,দাগনভূঞা পৌরসভা,ফেনী। | সদস্য | [signature] |
| ১৪ | জেলা প্রশাসক,ফেনী এর মনোনীত প্রতিনিধি | জেলা প্রশাসন | সদস্য-জেলা প্রশাসন | |
| ১৫ | উপ-বিভাগীয় প্রকৌশলী | সড়ক ও জনপথ-১,জেলা-ফেনী।<br>০১৭৪৫৮১০১৪৮ | সদস্য-সড়ক ও জনপথ অধিঃ | |
| ১৬ | উপ-বিভাগীয় প্রকৌশলী | গণপূর্ত অধিদপ্তর,উপ-বিভাগ-১, জেলা-ফেনী। ০১৭১১৪৮১৬০৫ | সদস্য- গণপূর্ত | |
| ১৭ | জনাব সাখাওয়াত হোসেন | প্রধান সহকারী,দাগনভূঞা | সদস্য | [signature] ৩০.০৬.২৫ |

| | | | | |
|---|---|---|---|---|
| | | পৌরসভা,ফেনী। | | |
| ১৮ | সহকারী প্রকৌশলী | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর উপজেলা-দাগনভূঞা, জেলা-ফেনী-০১৭১১০৪৬৪৪৫। | সদস্য-জনস্বাস্থ্য প্রকৌশল অধিঃ | |
| ১৯ | জনাব সাদ্দাম হোসেন | নিম্নমান সহকারী মুদ্রাক্ষরিক,দাগনভূঞা পৌরসভা,ফেনী। | সদস্য | |
| ২০ | জনাব নজির আহাম্মদ | চেয়ারম্যান, বি,আর,ডি,বি, দাগনভূঞা,ফেনী-০১৮৬০৪৫৩৩০৮। | সদস্য-সমবায় | |
| ২১ | " মোঃ আলী হোসেন | ইনচার্জ, টি,এন,টি,দাগনভূঞা,ফেনী-০১৮৩২৮২৯৫৩৬। | সদস্য-টি,এন,টি | |
| ২২ | " মণি মজুমদার | শিক্ষিকা,দাগনভূঞা বালিকা উচ্চ বিদ্যালয়,দাগনভূঞা, ফেনী- ০১৭২৭২৯৩৯৩৭। | সদস্য-পেশাজীবি শিক্ষা | |
| ২৩ | " বিপ্লব চন্দ্র কুরী | সাং- উত্তর করিমপুর, ওয়ার্ড নং-১২, দাগনভূঞা পৌরসভা, ফেনী-০১৭১০৩৬৩০৩৪ | সদস্য-পেশাজীবি সংস্কৃতি | |
| ২৪ | " এ্যাড. বিনোদ বিহারী ভৌমিক(জন্টু) | এ্যাডভোকেট, জজ কোর্ট, জেলা-ফেনী-০১৭১১৭৩৫৩৫০। | সদস্য-পেশাজীবি আইনজীবি | |
| ২৫ | " ফেরদৌস আক্তার | সাং-গণিপুর, ০৮ নং ওয়ার্ড, দাগনভূঞা পৌরসভা, ফেনী- ০১৮১৮৫৪৫৯৫৬। | সদস্য-ব্যবসায়ী সমাজ | |
| ২৬ | সহকারী সার্জন | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, দাগনভূঞা,ফেনী-০১৭২৫৪৭৩৫০৪। | সদস্য-পেশাজীবি চিকিৎসক | |
| ২৭ | পারভীন আক্তার,হিসাব রক্ষক, ব্র্যাক বাংলাদেশ | আমানউল্যাপুর( দাস পাড়া), দাগনভূঞা,ফেনী-০১৭৩৩২২০৬০৭ | সদস্য-এনজিও | |
| ২৮ | " এনামুল হক,শাখা ব্যবস্থাপক | ম্যানেজার, পল্লী মঙ্গল কর্মসূচী,ডিপটি বাড়ী রোড,দাগনভূঞা, ফেনী-০১৮৭৭৭০৩৮১৪ | সদস্য-এনজিও | |
| ২৯ | " সাবিনা ইয়াছমিন,মাঠকর্মী | উদ্দীপন, আমানউল্যাপুর(দাস পাড়া),দাগনভূঞা, ফেনী-০১৮৫১৩৪৪৮৪১। | সদস্য-এনজিও | |
| ৩০ | সোমান হাওলাদার,শাখা ব্যবস্থাপক | কোস্ট ফাউন্ডেশন, হাসপাতাল রোড দাগনভূঞা,ফেনী-০১৭১৩১৪৪১৫৩ | সদস্য-এনজিও | |
| ৩১ | " নুর জাহান | সাং-আলাইয়ারপুর,ওয়ার্ড নং-০১, দাগনভূঞা পৌরসভা, ফেনী-০১৮৩৪২৫৮৮১৬। | সদস্য-নাগরিক সমাজ | |
| ৩২ | " রুনা আক্তার | সাং-আজিজফাজিলপুর, ওয়ার্ড নং-০২, দাগনভূঞা পৌরসভা, ফেনী-০১৮৩৬৫৯৯৭০৪। | সদস্য-নাগরিক সমাজ | |
| ৩৩ | " জসিম উদ্দিন | সাং-ইয়ারপুর, ওয়ার্ড নং-০৩, দাগনভূঞা পৌরসভা, ফেনী-০১৭১১৩০৫৯৪২। | সদস্য-নাগরিক সমাজ | |
| ৩৪ | " আবদুর রাজ্জাক | সাং- জগতপুর, ওয়ার্ড নং-০৪, দাগনভূঞা পৌরসভা, ফেনী-০১৭১১১১৩৭৫৪। | সদস্য-নাগরিক সমাজ | |
| ৩৫ | " আবু জাফর | সাং- জগতপুর, ওয়ার্ড নং-০৫, দাগনভূঞা পৌরসভা, ফেনী-০১৮১৬৭০৬১১৬। | সদস্য-নাগরিক সমাজ | |
| ৩৬ | " মাস্টার খুরশিদ আলম | সাং-রামানন্দপুর,ওয়ার্ড নং-০৬, দাগনভূঞা পৌরসভা, | সদস্য-নাগরিক সমাজ | |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ফেনী-০১৮১৭৫৭৯২৪৩। | | |
| ৩৭ | " শওকত মাহমুদ | সাং-রামানন্দপুর, ওয়ার্ড নং-০৬, দাগনভূঞা পৌরসভা, ফেনী-০১৮১৩২৯২৮৩৫। | সদস্য-নাগরিক সমাজ | |
| ৩৮ | " মোস্তাফিজ মিয়া | ওয়ার্ড নং-০৮, দাগনভূঞা পৌরসভা, ফেনী। মোবাইল-০১৮১৯৬০৩২৯১ | সদস্য-নাগরিক সমাজ | |
| ৩৯ | " আবু নাছের তেজার | সাং-উদরাজপুর, ওয়ার্ড নং-০৯, দাগনভূঞা পৌরসভা, ফেনী-০১৭১৪৩১৭৪২৯। | সদস্য-নাগরিক সমাজ | |
| ৪০ | " হোসনে আরা কাউসার | সাং-ইয়ারপুর, ওয়ার্ড নং-০৩, দাগনভূঞা পৌরসভা, ফেনী-০১৮২৭৯৬৩২৬১। | সদস্য-নাগরিক সমাজ | |
| ৪১ | " নুর জাহান পাখি | সাং- রামানন্দপুর, ওয়ার্ড নং-০৬, দাগনভূঞা পৌরসভা, ফেনী-০১৮২৭৮১০৯৬৯ | সদস্য-নাগরিক সমাজ | |
| ৪২ | " সামছু উদ্দিন মামুন | সাং-আতিকফাজিলপুর, ওয়ার্ড নং-০২, দাগনভূঞা পৌরসভা, ফেনী-০১৭৭৫৯১০২১৬। | সদস্য-নাগরিক সমাজ | |
| ৪৩ | " বিবি মরিয়ম | সাং-বেতুয়া, ওয়ার্ড নং-০৩, দাগনভূঞা পৌরসভা, ফেনী। | সদস্য-শহর দরিদ্র জনগোষ্ঠী | |
| ৪৪ | " লাইলী আক্তার বিউটি | সাং-উত্তর শ্রীধরপুর, ওয়ার্ড নং-০৩, দাগনভূঞা পৌরসভা, ফেনী-০১৭৮৯৭১৯১১৩। | সদস্য-শহর দরিদ্র জনগোষ্ঠী | |
| ৪৫ | " খালেদা খানম | সাং-রামানন্দপুর, ওয়ার্ড নং-০৬, দাগনভূঞা পৌরসভা, ফেনী-০১৮১২৫২৪৮৩৫। | সদস্য-শহর দরিদ্র জনগোষ্ঠী | |
| ৪৬ | " ফেরদৌস আরা | সাং-আমানউল্যাপুর, ওয়ার্ড নং-০৯, দাগনভূঞা পৌরসভা, ফেনী-০১৯৩৩৬৪৯৫৬৮। | সদস্য-শহর দরিদ্র জনগোষ্ঠী | |
| ৪৭ | " রাবেয়া আক্তার | সাং-অলাইয়ারপুর, ওয়ার্ড নং-০১, দাগনভূঞা পৌরসভা, ফেনী-০১৮৭৯২০১৮২১। | সদস্য-শহর দরিদ্র জনগোষ্ঠী | |
| ৪৮ | " বিবি আয়েশা | সাং-কৃষ্ণরামপুর, ওয়ার্ড নং-০৭, দাগনভূঞা পৌরসভা, ফেনী-০১৬০৯৪৯৮০৮৫। | সদস্য-শহর দরিদ্র জনগোষ্ঠী | |
| ৪৯ | " স্বপ্না আক্তার | সাং-আমানউল্যাপুর, ওয়ার্ড নং-০৯, দাগনভূঞা পৌরসভা, ফেনী-০১৩২১২৯৬৩৩৫। | সদস্য-শহর দরিদ্র জনগোষ্ঠী | |
| ৫০ | জনাব জোনায়েদ কাইছার সৌরভ | সহকারী প্রকৌশলী দাগনভূঞা পৌরসভা, ফেনী-০১৭১৭৫৮৮৫৩৫। | সদস্য সচিব | |

পৌরসভার নাম: দাগনভূঞা পৌরসভা

টিএলসিসি'র ১৮ নং সভার কার্যবিবরনী

সভার তারিখ : ৩০/০৬/২০২৫ইং

সময় : দুপুর ২:৩০টায়

উপস্থিতি : সংযুক্তি (ক) পরিশিষ্ট

আলোচ্যসূচি- ০১ : পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও নিশ্চিতকরণ।

| পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ | কার্যবিবরনীর সঠিকতা বিষয়ক আলোচনা | সংশোধন (প্রয়োজন অনুসারে) | সিদ্ধান্ত (নিশ্চিতকরণ/ অনুমোদন সংশোধনসহ বা ব্যতিত) |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| বিষয়-০১: বিগত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন সংক্রান্ত আলোচনায় টিএলসিসি এর সদস্য সচিব, জোনায়েদ কাইছার সৌরভ, সহকারী প্রকৌশলী, দাগনভূঞা পৌরসভা, ফেনী কর্তৃক পূর্ববর্তী সভার কার্যবিবরনী পাঠ করা হয়। | সভায় সভাপতি মহোদয় পূর্ববর্তী সভায় WC সহ মাঠ পর্যায়ে বিভিন্ন কমিটির কার্যক্রম, চলমান উন্নয়ন কার্যক্রম, GESIAP'র কার্যক্রম, PRAP'র কার্যক্রম, আদায় কার্যক্রম, রক্ষণাবেক্ষণ (O&M) কার্যক্রম পরিচালনা, উঠান বৈঠক ও LINIC এর কার্যক্রম বাস্তবায়ন, কঠিন বর্জ্য, সড়ক বাতি, ড্রেন পরিস্কার, স্যানিটেশন কার্যক্রম, ডাম্পিং সাইট ব্যবস্থা, পঞ্চ বার্ষিকী (Re-assessment) কার্যক্রম সম্পন্নকরণ বিবিধ আলোচনা সহ নানা বিষয়ে বিশদ ব্যাখ্যা প্রদান করেন। আলোচিত বিষয়গুলোর সাথে উপস্থিত সকলে একমত পোষণ করেন। | | কোন সংশোধনী না থাকায় উপস্থিত সকলে বিগত সভার কার্যবিবরনী সর্বসম্মতভাবে অনুমোদন করেন। |

আলোচ্যসূচি-০২ : পূর্ববর্তী সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা ও পরবর্তী কার্যক্রম সম্পর্কে সিদ্ধান্ত গ্রহন।

| পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/সুপারিশ সমূহ | সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতির মাত্রা | পরবর্তী গৃহীত সিদ্ধান্ত/সুপারিশ সমূহ | সিদ্ধান্ত বাস্তবায়নে দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা/গ্রুপ | কাজ বাস্তবায়নের নির্ধারিত সময় |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | |
| বিষয়-০১: বিগত সভায় কার্য বিবরনী পাঠ ও অনুমোদন সংক্রান্ত আলোচনা। | গৃহিত সুপারিশ বাস্তবায়নের অগ্রগতি আছে। | গৃহিত সুপারিশ মোতাবেক সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রকৌশলী | |
| বিষয়-০২: WC সহ মাঠ পর্যায়ে বিভিন্ন কমিটির কার্যক্রম নিয়ে আলোচনা। | গৃহিত সুপারিশ বাস্তবায়নের অগ্রগতি আছে। | গৃহিত সুপারিশ মোতাবেক মাঠ পর্যায়ের সকল কমিটির কার্যক্রম সফলভাবে সম্পন্নের জন্য সুপারিশ করা হলো। | সহকারী প্রকৌশলী | |
| বিষয়-০৩: চলমান উন্নয়ন সংক্রান্ত আলোচনা। | গৃহিত সুপারিশ বাস্তবায়নের অগ্রগতি আছে। | গৃহিত সুপারিশ মোতাবেক কার্যক্রম চালিয়ে নেয়ার সুপারিশ করা হলো। | সহকারী প্রকৌশলী | |
| বিষয়-০৪: GESIAP এর কার্যক্রম সংক্রান্ত আলোচনা। | গৃহিত সুপারিশ বাস্তবায়নের অগ্রগতি আছে। | গৃহিত সুপারিশ মোতাবেক কার্যক্রম চালিয়ে নেয়ার সুপারিশ করা হলো। | সভাপতি ও সমাজ উন্নয়ন কর্মকর্তা (অতিঃ) | |
| বিষয়-০৫: PRAP এর কার্যক্রম সংক্রান্ত আলোচনা। | গৃহিত সুপারিশ বাস্তবায়নের অগ্রগতি আছে। | গৃহিত সুপারিশ মোতাবেক কার্যক্রম চালিয়ে নেয়ার সুপারিশ করা হলো। | সভাপতি ও সমাজ উন্নয়ন কর্মকর্তা (অতিঃ) | |
| বিষয়-০৬: আদায় কার্যক্রম সংক্রান্ত আলোচনা। | গৃহিত সুপারিশ বাস্তবায়নের অগ্রগতি আছে। | গৃহিত সুপারিশ মোতাবেক কার্যক্রম চালিয়ে নেয়ার সুপারিশ করা হলো। | সহকারী প্রকৌশলী | |
| বিষয়-০৭:রক্ষণাবেক্ষন (O&M) কার্যক্রম পরিচালনা ও ২০২৪-২০২৫ অর্থ বছরের কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত আলোচনা। | গৃহিত সুপারিশ বাস্তবায়নের অগ্রগতি আছে। | গৃহিত সুপারিশ মোতাবেক কার্যক্রম চালিয়ে নেয়ার সুপারিশ করা হলো। | সহকারী প্রকৌশলী | |
| বিষয়-০৮: উঠান বৈঠক ও LINIC এর কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত আলোচনা। | গৃহিত সুপারিশ বাস্তবায়নের অগ্রগতি আছে। | গৃহিত সুপারিশ মোতাবেক কার্যক্রম চালিয়ে নেয়ার সুপারিশ করা হলো। | সহকারী প্রকৌশলী ও সমাজ উন্নয়ন কর্মকর্তা(অতিঃ) | |
| বিষয়-০৯: কঠিন বর্জ্য, সড়ক বাতি, ড্রেন পরিস্কার, স্যানিটেশন কার্যক্রম বিষয়ে ২০২৪- ২০২৫ অর্থ বছরের কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত আলোচনা। | গৃহিত সুপারিশ বাস্তবায়নের অগ্রগতি আছে। | গৃহিত সুপারিশ মোতাবেক কার্যক্রম চালিয়ে নেয়ার সুপারিশ করা হলো। | কনজারভেন্সী ইন্সপেক্টর ও কনজারভেন্সী সুপার ভাইজার | |
| বিষয়-১০ : ডাম্পিং সাইট ব্যবস্থা সংক্রান্ত আলোচনা। | গৃহিত সুপারিশ বাস্তবায়নের অগ্রগতি আছে। | গৃহিত সুপারিশ মোতাবেক কার্যক্রম চালিয়ে নেয়ার ব্যাপারে সুপারিশ করা হলো। | সহকারী প্রকৌশলী | |
| বিষয়-১১: পঞ্চ বার্ষিকী (Re- | গৃহিত সুপারিশ বাস্তবায়নের | গৃহিত সুপারিশ মোতাবেক কার্যক্রম চালিয়ে নেয়ার | সহকারী প্রকৌশলী | |

| | | | | |
|---|---|---|---|---|
| assessment) কার্যক্রম সম্পন্নকরণ সংক্রান্ত আলোচনা। | অগ্রগতি আছে। | সুপারিশ করা হলো। | | |

আলোচ্যসূচি- ০৩: কমিটির উদ্দেশ্য ও কার্য-পরিধির আলোকে পূর্ব-নির্ধারিত বিষয়বস্তুর ওপর আলোচনা ও সিদ্ধান্ত সমূহ

<table>
<tr><th>পূর্ব-নির্ধারিত অলোচ্যসূচি</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত/সুপারিশ</th><th>সিদ্ধান্ত বাস্তবায়নে দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা/গ্রুপ</th><th>কাজ বাস্তবায়নের নির্ধারিত সময়</th></tr>
<tr><td>১</td><td>২</td><td>৩</td><td>৪</td><td>৫</td></tr>
<tr><td>বিষয়-০২: ২০২৫-২০২৬ অর্থ বছরের বাজেট অনুমোদন সংক্রান্ত আলোচনা।</td><td>সভায় ২০২৫-২০২৬ অর্থ বছরের রাজস্ব ও উন্নয়ন খাতে সর্বমোট আয় =৫৬,৬৩,৩৭,৫৫৭.২০/-( ছাপ্পান্ন কোটি তেষট্টি লক্ষ সাঁইত্রিশ হাজার পাঁচশত সাতান্ন টাকা বিশ পয়সা) টাকা ও সর্বমোট ব্যয় =৫৩,৩৮,৬০,০০০/-( তিপ্পান্ন কোটি আটত্রিশ লক্ষ ষাট হাজার) টাকা এবং উদ্বৃত্ত =৩,২৪,৭৭,৫৫৭.২০/- (তিন কোটি চব্বিশ লক্ষ সাতাত্তর হাজার পাঁচশত সাতান্ন টাকা বিশ পয়সা) টাকার বাজেট সভায় উপস্থাপন করা হয়। উপস্থাপিত বাজেট নিয়ে সভায় উপস্থিত কয়েক জন সদস্য বিশদ আলোচনা করেন। সরকারী, বেসরকারী ও বিভিন্ন প্রকল্প যেমন- ADP, REV, APP, LGCRRP (Covid-19), BMDF, UGIAP, MSU, MGSP, BCCT, UIIP, IUIDP, IUGIP,DPHE এর নির্দেশনা মোতাবেক বাজেটে বরাদ্দ রেখে বাজেট উপস্থাপিত হয়েছে কিনা তদবিষয়ে উপস্থিত কয়েক জন সদস্য আলোকপাত করেন। এ বিষয়ে সহকারী প্রকৌশলী বিশদ ব্যাখ্যা দেন। সভায় সভাপতি মহোদয় বাজেটে সরকারী, বেসরকারী, দেশী ও বিদেশী প্রকল্প সহ বিভিন্ন উন্নয়নমূলকখাত, সামাজিক নিরাপত্তাখাত, দান, অনুদান, শিক্ষা, ক্রীড়া, সংস্কৃতি সহ বিভিন্ন জনকল্যাণমূলক খাতে বাজেটের বরাদ্দ রাখা হয়েছে মর্মে দীর্ঘ আলোকপাত করেন। উপস্থাপিত বাজেট জনকল্যানমুখী হওয়ায় সভায় উপস্থিত সকলে সন্তোষ প্রকাশ করেন। প্রস্তাবিত জনকল্যানমুখী বাজেট অনুমোদনের লক্ষ্যে বিষয়টি পৌর পরিষদ সভায় উপস্থাপনের জন্যে সুপারিশ করা হলো।</td><td>প্রস্তাবিত সুপারিশের প্রেক্ষিতে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহনের সুপারিশ করা হলো।</td><td>সংশ্লিষ্ট সকল।</td><td></td></tr>
<tr><td>বিষয়-০৩: WC সহ মাঠ পর্যায়ে বিভিন্ন কমিটির কার্যক্রম নিয়ে আলোচনা।</td><td>সভায় উপস্থিত সহকারী প্রকৌশলী, দাগনভূঞা পৌরসভা,ফেনী জানান যে, দাগনভূঞা পৌরসভার WC এর কার্যক্রম সমূহ যথাযথ প্রক্রিয়া সম্পন্ন হচ্ছে মর্মে সভাকে অবহিত করেন। সভায় উপস্থিত অন্যান্য সদস্যগন তাদের মাঠ পর্যায়ের কমিটিগুলোর কার্যক্রম সুচারুভাবে সময় মোতাবেক সম্পন্ন হচ্ছে মর্মে সংশ্লিষ্ট সকলে তাদের অবস্থান ব্যাখ্যা করেন। সভায় কমিটির কার্যক্রম নিয়ে অনেকে বিশদ আলোচনা করেন এবং আলোচকগন বিভিন্ন ওয়ার্ডের নিম্নবর্ণিত সমস্যা ও প্রকল্পগুলো উন্নয়ন প্রকল্পের আওতায় অর্ন্তভুক্ত করনের জন্য সভায় উপস্থাপন করেন।
<table>
<tr><th>ক্রমিক</th><th>প্রকল্পের নাম</th><th>প্রস্তাবকারী</th></tr>
<tr><td>০১</td><td>আকু মোল্লা বাড়ী সড়ক উন্নয়ন।</td><td>সদস্য</td></tr>
<tr><td>০২</td><td>কাজী বরকান্দাজ বাড়ী সড়ক উন্নয়ন।</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৩</td><td>লাল মিয়া ডাক বাড়ী সড়ক উন্নয়ন।</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৪</td><td>মিন্নত আলী হাজী বাড়ী সড়ক উন্নয়ন।</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৫</td><td>মেহেদী দারোগা বাড়ী সড়ক উন্নয়ন।</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৬</td><td>বাদশা মিয়া চেয়ার বাড়ী সড়ক উন্নয়ন।</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৭</td><td>আসলাম হাজী বাড়ী সড়ক উন্নয়ন।</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৮</td><td>হবু মিস্ত্রির নতুন বাড়ী সড়ক কার্পেটিং দ্বারা উন্নয়ন।</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৯</td><td>কাবিল মাঝি বাড়ী সড়ক কার্পেটিং দ্বারা উন্নয়ন।</td><td>সদস্য</td></tr>
<tr><td>১০</td><td>সাবেক মিজান কমিশনারের বাড়ী সড়ক ইউনি ব্লক দ্বারা উন্নয়ন।</td><td>সদস্য</td></tr>
<tr><td>১১</td><td>হানিফ কাজী বাড়ীর পেলা ওয়াল নির্মাণ।</td><td>সদস্য</td></tr>
<tr><td>১২</td><td>রজব আলী জমাদার বাড়ী সড়ক উন্নয়ন।</td><td>সদস্য</td></tr>
<tr><td>১৩</td><td>সাবেক মহিলা কমিশনার বাড়ীর সড়ক উন্নয়ন।</td><td>সদস্য</td></tr>
<tr><td>১৪</td><td>রাজীবদের বাড়ীর সড়ক উন্নয়ন।</td><td>সদস্য</td></tr>
<tr><td>১৫</td><td>জিয়াউল হক কমিশনার বাড়ীর সড়ক উন্নয়ন।</td><td>সদস্য</td></tr>
<tr><td>১৬</td><td>রওশন আলী ব্যাপারী বাড়ীর সড়ক ইউনি ব্লক দ্বারা নির্মাণ(বাকী অংশ)</td><td>সদস্য</td></tr>
</table>
সভায় এ বিষয়ে বিশদ আলোচনা হয়। বিষয়টি পৌর পরিষদ সভায় উপস্থাপনের জন্যে সুপারিশ করা হলো।</td><td>প্রস্তাবিত সুপারিশের প্রেক্ষিতে সময় উপযোগী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহনের সুপারিশ করা হলো।</td><td>সহকারী প্রকৌশলী</td><td></td></tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| বিষয়-০৪: উন্নয়ন সংক্রান্ত আলোচনা। | সভায় উপস্থিত সহকারী প্রকৌশলী, নাগলকৃএগ্রা পৌরসভা,ফেনী জানান যে, গৃহিত প্রকল্পের মধ্যে তোথা বাজার টিনসেড, পাবলিক টয়লেট নির্মান, ভূমি অফিস রোড মেরামত, সেয়াসন রোডে কালভার্ট, IUGIP, কুয়েত ফান্ড এর কার্যক্রম চলমান। চলমান উন্নয়নমূলক কাজের গুনগতমান সঠিক রেখে সংশ্লিষ্ট ওয়ার্ডের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সাহেব ও চলমান প্রকল্পের সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ঠিকাদারগণের সাথে সমন্বয় করে যত দ্রুত সম্ভব অসমাপ্ত প্রকল্প সমূহের কাজ সমাপ্ত করার জন্যে জরুরী ব্যবস্থা নেয়া এবং কাজের মান ভালো না হলে প্রকল্পের কাজ বাতিলের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করেন। সভায় উপস্থিত সদস্য ও বি.আর.ডি এর চেয়ারম্যান, নজিম আহাম্মদ জানান যে, পাকিস্তান বাজার থেকে উত্তর দিকে সড়কটি অবস্থা খুবই খারাপ দ্রুত মেরামত প্রয়োজন। সহকারী প্রকৌশলী সভায় জানান যে, ছোট,বড় ড্রেন,সড়কের প্রকল্প তালিকা প্রস্তুতক্রমে আগামী আগস্ট ২০২৫ খ্রি. মধ্যে জমাদানের জন্যে অনুরোধ জানান। বিষয়টি পৌর পরিষদ সভায় উপস্থাপনের জন্যে সুপারিশ করা হলো। | প্রস্তাবিত সুপারিশের প্রেক্ষিতে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহনের সুপারিশ করা হলো। | সহকারী প্রকৌশলী | |
| বিষয়-০৫: GESIAP ও PRAP এর কার্যক্রম বাস্তবায়ন ও ২০২৫-২০২৬ অর্থ বছরের কর্মপরিকল্পনার বাস্তবায়ন সংক্রান্ত আলোচনা। | GESIAP কমিটির সভাপতি সভাকে অবহিত করেন যে, জেন্ডার এ্যাকশান প্লান (GESIAP) ২০২৪-২০২৮ অর্থ বছরের কার্যক্রম নিয়ে প্রণীত কর্মপরিকল্পনা মোতাবেক লিঙ্গ বৈষম্য দূরীকরণে এ কমিটি মাধ্যমে কার্যক্রম পরিচালিত হচ্ছে। লিঙ্গ বৈষম্য দূরীকরনে সামাজিক সচেতনতা মূলক কার্যক্রম চলমান রয়েছে। আগামী জুলাই ২০২৫ খ্রি. হতে প্রশিক্ষিত যুব সমাজ গড়ার লক্ষ্যে যুবকদেরকে ওয়েলডিং,ড্রাইভিং, ফিলাপিং সহ রুটিনমাফিক সারা বছর ধরে ধারাবাহিকভাবে প্রশিক্ষণ প্রদানের বিষয়ে সভায় আলোচনা করেন। PRAP এর আওতায় দরিদ্র পরিবারের ২৫/৩০ জন মহিলাকে নিয়ে আজিজফাজিলপুর প্রশিক্ষণ কেন্দ্রে ব্যাচ ভিত্তিক ধাপে ধাপে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় থেকে প্রশিক্ষণ শেষে প্রশিক্ষিত ১০(দশ) জন মহিলাকে বিনামূল্যে সেলাই মেশিন বিতরন করা হয়। এছাড়াও দারিদ্র জনগোষ্ঠীর দরিদ্র বিমোচন কার্যক্রমের আওতায় ক্ষুদ্র পর্যায়ে হাঁস,মুরগি ও পশু পালনে উদ্বুদ্ধ করনের কার্যক্রম চলমান রয়েছে। বর্ণিত কমিটির কার্যক্রম নিয়ে সভায় বিশদ আলোচনা হয় এবং তা সভায় অনুমোদন করেন। বিষয়টি পৌর পরিষদ সভায় উপস্থাপনের জন্যে সুপারিশ করা হলো। | প্রস্তাবিত সুপারিশের প্রেক্ষিতে কার্যক্রম চালিয়ে নেয়ার জন্য সুপারিশ করা হলো। | সভাপতি ও সমাজ উন্নয়ন কর্মকর্তা(অঃদাঃ) | |
| বিষয়-০৬: আদায় কার্যক্রম সংক্রান্ত আলোচনা। | হোল্ডিং কর:<br>সভায় সভাপতি সাহেব ২০২৪-২০২৫ অর্থ বছরে মোট= ৬২৫৪টি হোল্ডিং এর বিপরীতে এ পর্যন্ত কত টাকা আদায় হয়েছে, কর আদায় প্রক্রিয়া, বকেয়া কর কিভাবে আদায় করা হয়, তা জানতে চান। এ আলোকে হোল্ডিং কর আদায়কারী জানান যে, প্রতি অর্থ বছরকে ০৪(চার)টি কোয়ারটারে ভাগ করা হয়েছে, ০৪(চার) কোয়াটারে ০৪(চার) বার হোল্ডিং ট্যাক্সের বিল বিলি করা হয়। প্রথমবার বিল পাওয়ার পর যে সব হোল্ডিং মালিক হোল্ডিং ট্যাক্স পরিশোধ করেন, ঐ সকল হোল্ডিং মালিকগনকে ২য় বার আর বিল ইস্যু করা হয়। এভাবে ২য়, ৩য় ও ৪র্থ বার বিল বিলি করা হয়ে থাকে। তারমধ্যে অদ্যাবধি পর্যন্ত রিবেট ব্যতিত ১,০৯,০৮,৪৯৭/- টাকা আদায় হয়েছে। এ পর্যন্ত হোল্ডিং কর আদায়ের হার ৮০.৫২%। তাছাড়া যে সকল হোল্ডিং মালিক ৪র্থ কোয়াটারে বিল পাওয়ার পরও হোল্ডিং ট্যাক্স পরিশোধ করতে ব্যর্থ হন। ঐ সকল হোল্ডিং মালিকদের সাথে সরাসরি গিয়ে আলাপ করে কর আদায়, তা না হলে ০১ মাস, ১৫ দিন ও ০৭ দিন সময় দিয়ে নোটিশ প্রদান করা হয়। এছাড়া পৌর হোল্ডিং মালিকগন বা হোল্ডিং মালিকের কোন ওয়ারিশ পৌরসভা থেকে সেবাপ্রার্থী হলে ঐ সময় হোল্ডিং ট্যাক্স আদায়ক্রমে নাগরিক সেবা প্রদান করা হয়। তাতেও হোল্ডিং কর আদায়ে ব্যর্থ হলে ক্রোকি পরওয়ানার মাধ্যমে হোল্ডিং কর আদায়ের ব্যবস্থা রয়েছে।<br>ট্রেড লাইসেন্স ফি:<br>এদিকে লাইসেন্স পরিদর্শক জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরে ২১১৪টি লাইসেন্সের বিপরীতে অদ্য পর্যন্ত ১৬৭৪টি লাইসেন্স ইস্যু করা হয়েছে। এ পর্যন্ত ট্রেড লাইসেন্স ফি বাবত ৪০,১৯,৯৩১/- টাকা আদায় হয়েছে। গত অর্থ বছরে ১৫৮০টি ট্রেড লাইসেন্সের ফি আদায়ের পরিমান ৩৬,৬৬,৯৬৩/- টাকা। তাছাড়া যে সকল ব্যবসায়ীগণ এখনো ট্রেড লাইসেন্স নবায়ন করেননি, ঐ সকল লাইসেন্স বিহীন ব্যবসায়ীদের উদ্দেশ্যে ট্রেড লাইসেন্স নবায়ন বা ট্রেড লাইসেন্স গ্রহণের জন্যে | প্রস্তাবিত সুপারিশের প্রেক্ষিতে কার্যক্রম চালিয়ে নেয়ার জন্য সুপারিশ করা হলো। | কর আদায়কারী ও লাইসেন্স পরিদর্শক | |

| | | | | |
|---|---|---|---|---|
| | মাইকযোগে প্রচারের ব্যবস্থা নেয়া হয়েছে।<br>হোল্ডিং কর ও ট্রেড লাইসেন্স ফি আদায়ের ব্যাপারে সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলের প্রতি উন্মুক্ত আলোচনার আহবান জানান। রাজস্ব আয় বৃদ্ধির বিষয়টি বিবেচনা করে হোল্ডিং কর ও ট্রেড লাইসেন্স ফি আদায়ের লক্ষ্য বাস্তবায়নে নাগরিক দায়-দায়িত্বের বিষয়টি বিবেচনা করে স্ব-স্ব অবস্থান থেকে হোল্ডিং কর ও ট্রেড লাইসেন্স ফি প্রদানে সবাইকে উদ্বুদ্ধ করণের ব্যাপারে সভার পক্ষ থেকে উপস্থিত সকলকে আহ্বান জানানো হয় এবং কি রাজস্ব আয়ের লক্ষ্যমাত্রা অর্জনে মাইকযোগে প্রচার, পত্রিকায় বিজ্ঞাপণ সহ বিধি মোতাবেক নানাবিধ কার্যক্রম পরিচালনা করা হবে। বিষয়টি পৌর পরিষদ সভায় উপস্থাপনের জন্যে সুপারিশ করা হলো। | | | |
| বিষয়-০৭: উঠান বৈঠক ও LINIC এর কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত আলোচনা। | সভায় সভাপতি মহোদয় জানান যে, পৌর এলাকায় বসবাসকারী জনসাধারনের মধ্যে ইতোপূর্বে পৌর এলাকাধীন(নিম্ন আয় এলাকা/LoW Income Neighborhood) চিহ্নিত করন করা হয়েছে। মাঠ পর্যায়ে দরিদ্র জনগোষ্ঠী জরিপের কার্যক্রম আরম্ভ হবে। বর্ণিত এলাকা সমূহের আর্থ-সামাজিক উন্নয়ন লক্ষ্যে অগ্রাধিকার ভিত্তিক তালিকা প্রস্তুত করে ০৪টি LINIC এর জন্যে বরাদ্দকৃত অর্থ দিয়ে উন্নয়ন কার্যক্রম পরিচালনা করা হবে এবং এ বিষয়ে উঠান বৈঠক সহ মাঠ পর্যায়ে কার্যক্রম চলমান। সভায় এ বিষয়ে বিশদ আলোচনা হয়। বিষয়টি পৌর পরিষদ সভায় উপস্থাপনের জন্যে সুপারিশ করা হলো। | গৃহিত সুপারিশের প্রেক্ষিতে কার্যক্রম চালিয়ে নেয়ার জন্য সুপারিশ করা হলো। | সমাজ উন্নয়ন কর্মকর্তা(অঃদাঃ) ও সহকারী প্রকৌশলী | |
| বিষয়-০৮: রক্ষণাবেক্ষণ O&M ও MMT কার্যক্রম পরিচালনা ও ২০২৫-২০২৬ অর্থ বছরের কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত আলোচনা। | সভায় সহকারী প্রকৌশলী জানান যে, প্রতি অর্থ বছরে এ খাতে ২৫% অর্থ বাজেটে বরাদ্দ রাখা হয়ে থাকে। বাজেটে বরাদ্দকৃত অর্থ থেকে জনসাধারনের চলাচল ও ব্যবহারের সুবিধার্থে অগ্রাধিকার ভিত্তিক O&M ও MMT কার্যক্রম বাস্তবায়নের জন্য কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়ে থাকে এবং মাঝে মাঝে রাস্তা-ঘাট, ড্রেন, কালভার্ট মেরামত ও রক্ষণাবেক্ষণ (O&M ও MMT) কার্যক্রম পরিচালনা করতে হয়। এ কার্যক্রমের ফলে জনসাধারনের চলাচল ও ব্যবহারের সুবিধা হয়। তাছাড়া সহকারী প্রকৌশলী জানান যে, ৩০ মে ২০২৫খ্রি.'র মধ্যে (O&M ও MMT) খাতে বরাদ্দকৃত অর্থ খরচ করার নির্দেশনা রয়েছে বিধায় সে লক্ষ্যে উন্নয়ন কার্যক্রম পরিচালনা করা হয়েছে। সভায় এ বিষয়ে বিশদ আলোচনা হয়। বিষয়টি পৌর পরিষদ সভায় উপস্থাপনের জন্যে সুপারিশ করা হলো। | প্রস্তাবিত সুপারিশের প্রেক্ষিতে কার্যক্রম চালিয়ে নেয়ার জন্য সুপারিশ করা হলো। | সহকারী প্রকৌশলী | |
| বিষয়-০৯: কঠিন বর্জ্য, সড়ক বাতি, ড্রেন পরিষ্কার, স্যানিটেশন কার্যক্রম বিষয়ে ২০২৫-২০২৬ অর্থ বছরের কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত আলোচনা। | সভাপতি মহোদয় জানান যে, পৌরসভায় কোন মাস্টার ড্রেন নেই, তাই সড়ক ও জনপথ, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর সহ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সাথে আলাপের মাধ্যমে মাস্টার ড্রেন নির্মাণের প্রকল্প হাতে নেয়া হবে। পৌর এলাকা যাতে পরিষ্কার পরিচ্ছন্ন থাকে, এ বিষয়ে ধারাবাহিকভাবে কার্যক্রম চালিয়ে নেয়ার জন্যে নির্দেশনা প্রদান করেন। হাসপাতাল রোডের পরিষ্কার-পরিচ্ছন্নতা নিয়ে জানান যে, উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা সাহেবের সাথে আলোচনা হয়েছে। উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা সাহেবের পরামর্শক্রমে বা সরজমিনে পরিদর্শন করে ডাস্টবিন নির্মাণের স্থান নির্ধারন করা হলে ঐ জায়গায় ডাস্টবিন নির্মাণ অথবা রিক্সা ভ্যান দিয়ে ধারাবাহিকভাবে পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম চালিয়ে নেয়ার বিষয়ে সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন। সভায় কঠিন বর্জ্য সংগ্রহ, নিষ্পত্তি ও ব্যবস্থাপনা সংক্রান্ত আলোচনায় নাগরিক সমাজের প্রতিনিধি জনাব শওকত মাহমুদ জানান যে, বিপরীত পাশের খালের পানি চলাচলের জায়গা সংকুচিত হয়ে গেছে। এদিকে কঠিন বর্জ্য ব্যবস্থাপনা একটি বড় সমস্যা হয়ে দাঁড়িয়েছে। তাই প্রয়োজনে ওয়ার্ড পর্যায়ে সভার মাধ্যমে আলোচনা করে সুষ্ঠু বর্জ্য ব্যবস্থাপনা কার্যক্রম পরিচালনা করার বিষয়ে আলোচনা করেন। সভায় উপস্থিত সদস্য ও বি.আর.ডি এর চেয়ারম্যান, নজিম আহাম্মদ জানান যে, ফেনী-চৌমুহনী ফোরলেন সড়কের উত্তর পাশে যে ড্রেনটি হচ্ছে ড্রেনটির গন্তব্য কোথায় বিষয়টি জানতে চান। দেখা গেছে যে, অনেকগুলো ড্রেনের কোন সুনির্দিষ্ট গন্তব্য না থাকায় ময়লাযুক্ত পানি ড্রেন থেকে উপচে লোকালয়ে ঢুকে পড়ে। এতে করে শহরের পরিবেশ ব্যাহত হয়। সহকারী প্রকৌশলী জানান যে, ড্রেনটি সড়ক ও জনপথ বিভাগ নির্মাণ করছে। তাছাড়া বর্ষা মৌসুমের বৃষ্টি ও বন্যা মোকাবেলায় ইতোমধ্যে দাদনার খাল সংস্কার ও খনন কার্যক্রম পরিচালনা করা হয়েছে। এদিকে রুটিনমাফিক বিদ্যমান ড্রেনগুলো পরিষ্কার, ইতোপূর্বে দাগনভূঞা পৌরসভা ১০০% | প্রস্তাবিত সুপারিশের প্রেক্ষিতে কার্যক্রম চালিয়ে নেয়ার জন্য সুপারিশ করা হলো। | সহকারী প্রকৌশলী | |

| | | | | |
|---|---|---|---|---|
| | স্যানিটেশনের আওতাধীন রয়েছে এবং কি প্রতিনিয়তই স্যানিটেশন কার্যক্রম তদারকি, পরিস্কার-পরিচ্ছন্নতা, স্বাস্থ্য সম্মত স্যানিটেশন ব্যবস্থা কার্যক্রম চলমান রয়েছে। সভায় এ বিষয়ে বিশদ আলোচনা হয়। বিষয়টি পৌর পরিষদ সভায় উপস্থাপনের জন্যে সুপারিশ করা হলো। | | | |
| বিষয়-১০ : স্ট্রীট লাইট সংক্রান্ত আলোচনা। | সভায় সহকারী প্রকৌশলী জানান যে, নিরাপত্তার স্বার্থে যতদ্রুত সম্ভব প্রতিটি সড়কে পরিদর্শন করে যে সকল সড়ক বাতি নষ্ট হয়েছে সেগুলো সচল/কার্যকর করার ব্যবস্থা আগামী অর্থ বছরে কার্যক্রম গ্রহণ করা হবে।। সভায় এ বিষয়ে বিশদ আলোচনা হয়। বিষয়টি পৌর পরিষদ সভায় উপস্থাপনের জন্যে সুপারিশ করা হলো। | প্রস্তাবিত সুপারিশের প্রেক্ষিতে কার্যক্রম চালিয়ে নেয়ার জন্য সুপারিশ করা হলো। | সহকারী প্রকৌশলী | |
| বিষয়-১১: মশক নিধন সংক্রান্ত আলোচনা। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা দাগনভূঞা,ফেনী দায়িত্বপ্রাপ্ত ০৮ ও ০৯ নং ওয়ার্ড প্রতিনিধি, দাগনভূঞা পৌরসভা সভাকে অবহিত করেন যে, লক্ষ্য করা যাচ্ছে পৌরসভা এলাকায় এডিস মশার উপদ্রব বৃদ্ধি পাচ্ছে। তাই মশক নিধনে ঔষধ ছিটানো অভিযানের বিষয়টি গুরুত্ব সহকারে সভায় তুলে ধরেন। সভায় উপস্থিত সদস্য শওকত মাহমুদ জানান যে, গ্রাম পর্যায়ে মশক নিধন ঔষধ ছিটানো হয় না। তাই স্কুল,কলেজ,মাদ্রাসা ও ওয়ার্ড পর্যায়ে অভিযান পরিচালনা করা প্রয়োজন। আরো কয়েকজন সদস্য এ ব্যাপারে একমত পোষণ করে তাদের মতামত প্রদান করেন ও মশক নিধন অভিযান পরিচালনা ও পরিস্কার-পরিচ্ছন্নতার উপর গুরুত্বারোপ করেন। সভায় এ ব্যাপারে বিশদ আলোচনা হয়। বিষয়টি পৌর পরিষদ সভায় উপস্থাপনের জন্যে সুপারিশ করা হলো। | প্রস্তাবিত সুপারিশের প্রেক্ষিতে কার্যক্রম গ্রহণের জন্য সুপারিশ করা হলো। | সহকারী প্রকৌশলী | |
| বিষয়-১২: পঞ্চ বার্ষিকী (Re-assessment) কার্যক্রম সম্পন্নকরণ সংক্রান্ত আলোচনা। | পঞ্চ বার্ষিকী (Re-assessment) কার্যক্রম সম্পন্নকরণ সংক্রান্ত আলোচনায় অংশ নিয়ে সভাপতি সাহেব জানান যে, UGIAP প্রকল্পের নির্দেশনা ও পৌর রাজস্ব আয় বৃদ্ধির লক্ষে আগামী ৩০ জুন ২০২৫ খ্রি. তারিখের মধ্যে (Re-assessment) কার্যক্রম সম্পন্ন করতে হবে। কারণ পৌর রাজস্ব আয় বৃদ্ধি না করলে যথাযথ নাগরিক সেবা প্রদান করা সম্ভব হবে না। পঞ্চ বার্ষিকী (Re-assessment) কার্যক্রম কতদূর অগ্রসর হয়েছে জানতে চাইলে কর নির্ধারক জানান যে, (Re-assessment) কার্যক্রম মাঠ পর্যায় হতে সংগৃহিত তথ্য-উপাত্ত লিপিবদ্ধ করণের কার্যক্রম শেষ প্রান্তে, পঞ্চ বার্ষিকী (Re-assessment) কার্যক্রমের ডিমান্ড নোটিশ হোল্ডিং মালিকদের নিকট প্রেরণের কার্যক্রম শেষে কর নির্ধারনের উপর শুনানী আরম্ভ করা যাবে। সভায় পঞ্চ বার্ষিকী (Re-assessment) কার্যক্রম সম্পন্নের বিষয়ে বিশদ আলোচনা হয়। বিষয়টি পৌর পরিষদ সভায় উপস্থাপনের জন্যে সুপারিশ করা হলো। | প্রস্তাবিত সুপারিশের প্রেক্ষিতে কার্যক্রম গ্রহনের জন্য সুপারিশ করা হলো। | সহকারী প্রকৌশলী ও কর নির্ধারক | |

আলোচ্যসূচি-০৪: বিবিধ আলোচনা (যদি থাকে)

| সদস্যগণ কর্তৃক উত্থাপিত অনির্ধারিত আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ | সিদ্ধান্ত বাস্তবায়নে দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা/গ্রুপ | কাজ বাস্তবায়নের নির্ধারিত সময় |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| বিষয়- ০১: | | | | |
| বিষয়- ০২: | | | | |
| বিষয়- ০৩: | | | | |

অতঃপর সভায় আর কোন আলোচ্য সূচী না থাকায় সভাপতি সাহেব সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

সভাপতির স্বাক্ষর:

| | |
|---|---|
| নাম: স.ম. আজহারুল ইসলাম | তারিখ: ৩০/০৬/২০২৫খ্রি. |